

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.১২৪.২০১৯/১৫৭৪/২

১৬/০৩/১৪২৬বঙ্গাব্দ
তারিখ: ৩০/০৬/২০১৯খ্রিস্টাব্দ

বিষয় : মাদারীপুর জেলার রাজৈর মহাবিদ্যালয় (জাতীয়করণকৃত) এর অফিস সহায়ক মোঃ সাইয়াদুর রহমান খান কে খোরপোশ ভাতা প্রদান।

সূত্র : অধ্যক্ষ এর পত্র নং-০৬/২০০৯; তারিখ: ০৭/০২/২০১৯খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাদারীপুর জেলার রাজৈর উপজেলাধীন রাজৈর মহাবিদ্যালয়টি ৩০/০৩/২০১৬খ্রি. তারিখ জাতীয়করণ করা হয়। প্রতিষ্ঠানটির শিক্ষক-কর্মচারী জাতীয়করণের আওতাভুক্ত হয়েছেন। তবে তাদের এখনও আত্মীকরণ করা হয়নি। শিক্ষক-কর্মচারীর এমপিও চলমান আছে।

মাদারীপুর জেলার রাজৈর উপজেলাধীন রাজৈর মহাবিদ্যালয় (জাতীয়করণকৃত) এ কর্মরত অফিস সহায়ক মোঃ সাইয়াদুর রহমান খান এর বেতন বিল করার বিষয়ে সুস্পষ্ট এবং সুনির্দিষ্ট মতামত ও নির্দেশনা পাওয়ার জন্য আবেদন করেন। অধ্যক্ষ তার আবেদনে উল্লেখ করেছেন যে, অফিস সহায়ক চাকরি বিধি লংঘন এবং একজন আয়ার চরিত্র হননের চেষ্টাসহ অসদাচারনের কারণে বর্ণিত অপরাধ তদন্তপূর্বক তদন্তে প্রমাণিত স্বাপেক্ষে বিধি মোতাবেক সাময়িক বরখাস্ত হয়। চাকরি বিধি লঙ্ঘন করে কলেজে প্রায় ১ বছর ৯ মাস ১৬ দিন অনুপস্থিত থেকে বিভিন্ন সমাজবিরোধী কাজে লিপ্ত হয়ে Attempt to murder মামলার চার্জশিটভুক্ত আসামী হিসেবে মহামান্য হাইকোর্ট থেকে জামিনে মুক্তি পাওয়াসহ দুইটি চুরি মামলায় হেফতার হয়ে পুলিশ রিমান্ড শেষে জামিনে মুক্তি পায়। মামলা তিনটি ১। জি.আর নং-৩৮৪/২০১৭; তাং-২২/০৭/২০১৭খ্রি. ২। জি.আর নং- ১৫৩/২০১৮; তারিখ: ২২/০৫/২০১৮খ্রি. ৩। জি.আর নং- ২৭২/২০১৮; তাং- ৩১/০৮/২০১৮খ্রি.। এছাড়া অফিস সহায়ক মোঃ সাইয়াদুর রহমান খান এর অষ্টম শ্রেণী পাশের সনদ জাল মর্মে অধ্যক্ষ উল্লেখ করেন।

(মোঃ সাইয়াদুর রহমান খান এর বেতন বিল করার বিষয়ে সুস্পষ্ট ও সুনির্দিষ্ট মতামত ও নির্দেশনা পাওয়ার জন্য অধ্যক্ষ আবেদন করেন।)

এ বিষয়ে বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত: "At this stage, the Office Assistant of Saidur Rahman of Rajoir Degree College, Madaripur be suspended till the criminal proceeding ends".

আইন শাখার মতামত: বিজ্ঞ আইন উপদেষ্টার মত অনুসারে ফৌজদারী মামলা নিষ্পত্তি না হওয়া পর্যন্ত মোঃ সাইয়াদুর রহমান খান সাময়িক বরখাস্ত থাকবে। উল্লেখ্য যে, বিধি মোতাবেক ৫০% হারে খোরপোশ ভাতা পাবে। যেহেতু কলেজটি জাতীয়করণ হয়েছে সুতরাং শিক্ষা মন্ত্রণালয়ের অনুমতি নিয়ে সাময়িক বরখাস্ত করতে হবে।

এমতাবস্থায়, বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(ফারহানা আক্তার)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন: ৯৫৫৬০৫৭

Email-ncollege@dshe.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার
রাজৈর, মাদারীপুর

অনুলিপি (প্রয়োজনীয় কার্যার্থে):

- ১। অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) রাজৈর মহাবিদ্যালয় (জাতীয়করণকৃত) রাজৈর, মাদারীপুর
- ২। সংরক্ষণ নথি।